

ঘটনার বিবরণ

Canterbury হাসপাতাল পুনর্নির্মাণ

অক্টোবর ২০২৪


প্রকল্প বর্ণনা

এনএসডব্লিউ (NSW) সরকার সুবিধা বাড়ানো এবং বর্তমান অবকাঠামোর উন্নয়ন করার জন্য Canterbury হাসপাতাল পুনঃউন্নয়নে \$৩৫০ মিলিয়ন বিনিয়োগ করছেন।

Canterbury হাসপাতালের এই পুনঃউন্নয়ন ২৬ বছরের মধ্যে সবচেয়ে বড় উন্নয়ন হবে, যা রোগী এবং কর্মীদের সর্বাধুনিক সুযোগ সুবিধা প্রদান করবে।

প্রকল্প হাল নাগাদ

- প্রকল্পটি জানাতে এবং তাদের (মানুষের/সম্প্রদায়ের) বর্তমান এবং ভবিষ্যতের স্বাস্থ্যের চাহিদাগুলি বুঝতে একটি ক্লিনিকাল সেবার পরিকল্পনা (সিএসপি)(CSP) তৈরি করা হয়েছে।
- পরিবর্তনশীল সম্প্রদায়ের স্বাস্থ্য মূল্যায়নের জন্য সিএসপি (CSP) তথ্য অনুমান ব্যবহার করে, যেমন জনসংখ্যা বৃদ্ধি এবং বয়স। এতে আরো যেসব তথ্য থাকবে:
 - ঐ এলাকার বিশেষ স্বাস্থ্য চাহিদা এবং প্রতিবন্ধকতা
 - কোন পরিষেবাগুলি এই চাহিদাগুলিকে সর্বোত্তমভাবে পূরণ করতে পারে
 - ভবিষ্যত অবকাঠামোর প্রয়োজনীয়তা
 - তদারকির নকশা
- প্রকল্পের বাজেটের মধ্যে কি পরিষেবার সুযোগ সম্ভব তা নির্ধারণ করতে দলটি কাজ করছে।
- হাসপাতাল পুনর্নির্মাণ প্রকল্পগুলির নির্মাণ শুরু করার আগে ব্যাপক পরিকল্পনা প্রয়োজন।
- পরিকল্পনা প্রক্রিয়ার অংশ হিসাবে চূড়ান্ত সুযোগ এবং নির্মাণ কর্মসূচি নিশ্চিত করা হবে।




CANTERBURY হাসপাতালের প্রধান প্রবেশপথ

আমরা এখানে

মহাপরিকল্পনা


প্রকল্পের ফলাফলের দিক নির্দেশনের জন্য ব্যাপক পরিকল্পনা



পরিকল্পনা


পরিকল্পনার নকশা

হাসপাতাল এবং অন্যান্য সুবিধার মধ্যে সম্পর্ক, যেমন প্রবেশ এবং পরিবহন।




রূপরেখা

বিভাগগুলিতে দৃষ্টি আরোপ এবং কীভাবে জিনিসগুলি সংযুক্ত হবে।



বিস্তারিত নকশা

প্রতিটি কক্ষের গঠনপ্রণালী এবং প্রকল্পের উদ্দেশ্য নিশ্চিত করে



নকশা

প্রকল্প পরিকল্পনা এবং নকশা প্রক্রিয়ার উদাহরণ

কে পুনঃউন্নয়ন প্রদান করবে?

- Sydney Local Health District এর সাথে অংশীদারিত্বে প্রকল্পটি Health Infrastructure এর মাধ্যমে বিতরণ করা হবে।
- ২০২৪ সালের মার্চ মাসে লিড ডিজাইন টিম নিয়োগ করা হয়েছিল যার মধ্যে রয়েছে:
 - প্রকল্প ব্যবস্থাপকঃ Johnstaff Projects
 - স্থপতিঃ Silver Thomas Hanley (STH)
 - খরচ ব্যবস্থাপকঃ Slattery Australia
- প্রধান পরিকল্পনাকারি দল Health Infrastructure, Sydney Local Health District এবং Canterbury হাসপাতালের সাথে কাজ করবে যেন প্রধান রোগশয্যা সম্বন্ধীয় পরিষেবার অগ্রাধিকারগুলি নির্ধারণ করা যায় এবং পুনঃউন্নয়ন কার্যক্রমের জন্য পরিকল্পনা এগিয়ে নেওয়া যায়।

আপনি কিভাবে জড়িত হতে পারেন?


Canterbury এবং আশেপাশের শহরতলির বাসিন্দা, কর্মী এবং মূল স্টেকহোল্ডারদের(প্রকল্পের সাথে জড়িত ব্যক্তিদের) সাথে পরিকল্পনা প্রক্রিয়ার অংশ হিসেবে পরামর্শ করা হচ্ছে যাতে হাসপাতালটি এলাকার বিভিন্ন সম্প্রদায়ের চাহিদা পূরণ করে।

সম্প্রদায় এবং হাসপাতালের পপ-আপ অধিবেশন, উপস্থাপনা, ভাষার তথ্য এবং অধিবেশন, ভোক্তা গোষ্ঠী, প্রকল্প ব্যবহারকারী গোষ্ঠী, সমীক্ষা এবং আরও অনেক কিছুর মাধ্যমে আলোচনাসভা অনুষ্ঠিত হবে।

Canterbury হাসপাতালের পুনঃউন্নয়নে যুক্ত হতে এবং পুনঃউন্নয়নের যাত্রা অনুসরণ করতে, নিচের QR কোডের মাধ্যমে আমাদের প্রকল্পের হাল নাগাদ পেতে সাইন আপ করুন, [প্রকল্প ওয়েবসাইট](https://greenarrow.health.nsw.gov.au/ga/front/forms/160/subscriptions/new/) অথবা greenarrow.health.nsw.gov.au/ga/front/forms/160/subscriptions/new/



প্রকল্প আপডেটের জন্য সাইন আপ করুন



একজন দোভাষীর জন্য, ১৩১ ৪৫০ নম্বরে কল করুন এবং তাদের ০২ ৯৯৭৮ ৫৯৫৯ নম্বরে কল করতে বলুন

আরও তথ্যের জন্য

T: 02 9978 5959

E: CanterburyHospitalRedev@health.nsw.gov.au

W: hinfra.health.nsw.gov.au/canterburyhospitalreddev